

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং-১৪৪-আইন/২০২৩/২২১-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালায়-

- (ক) সকল স্থানে উল্লিখিত “ফরম” শব্দের পরিবর্তে “ফরম-ক” প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ৭ এ উল্লিখিত “প্রত্যয়নপত্র” শব্দের পর “(ফরম-খ)” শব্দগুলি ও চিহ্নগুলি সন্নিবেশিত হইবে; এবং
- (খ) উপরি-উক্ত বিধিমালার শেষাংশে নিম্নরূপ নূতন ফরম “ফরম-খ” সংযোজিত হইবে, যথা:-

“ফরম-খ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কান্টমস, এক্সাইজ ও ভ্যাট-----সার্কেল
ঠিকানা: -----

[প্রত্যয়নপত্র]

[বিধি ৭(১) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, প্রতিষ্ঠানের নাম: -----, ঠিকানা: -----, মুসক নিবন্ধন নং----- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন পূর্ববর্তী ১২ (বারো) কর মেয়াদের বা প্রযোজ্য ক্ষেত্রে নির্দিষ্ট কর মেয়াদের দাখিলপত্র (মুসক-৯.১) দাখিল করিয়াছে এবং উক্ত প্রতিষ্ঠান “মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯” মোতাবেক প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধ করিয়াছেন।

তারিখ:

রাজস্ব কর্মকর্তা
কান্টমস, এক্সাইজ ও ভ্যাট -
----- সার্কেল

২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোহাম্মদ হাসমত আলী)
প্রথম সচিব (মুসক নীতি)